



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd



অনলাইনে (জেএসসি/এসএসসি/এইচএসসি) পরীক্ষক নিবন্ধন (eTIF) সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ, শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২১ সনে বা তৎপরবর্তীতে অনুষ্ঠেয় জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য অত্রবোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের নাম পরীক্ষক তালিকায় নতুন ভাবে সংযোজন কার্যক্রম আগামী ০১/১০/২০২১ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত নির্দেশনাবলী নিম্নে উল্লেখ করা হলো:-

- ১। পূর্বের eTIF তথ্যে অনেক ভুল-ত্রুটি ও গড়মিল থাকায় অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের eTIF নতুন ভাবে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। সকল শিক্ষককে অবশ্যই এ eTIF কার্যক্রম সম্পন্ন করতে হবে (যে সমস্ত বিষয়ে ২০২১ সনে পরীক্ষা হবে না সে সমস্ত বিষয়ের শিক্ষকসহ)। ভুল এড়ানোর জন্য প্রত্যেক শিক্ষককে নিজের তথ্য নিজেকে Input দিতে হবে।
- ২। তথ্যাদি প্রদানের কার্যক্রম ০১/১০/২০২১ থেকে ২৫/১০/২০২১ তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। যেহেতু ১৪/১১/২০২১ তারিখ হতে এসএসসি পরীক্ষা- ২০২১ আরম্ভ হবে তাই উল্লিখিত সময় বর্ধিত করার কোন সুযোগ নেই। উল্লেখ্য, তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে (অস্থায়ী শিক্ষক/অতিথি শিক্ষক/প্রদর্শক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) eTIF এ অন্তর্ভুক্তি করার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন। সকল শিক্ষকের অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান এ বিজ্ঞপ্তির ফটোকপি সকল শিক্ষককে বিতরণের ব্যবস্থা করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তাদের অন্তর্ভুক্তির জন্য ব্যবস্থা নিবেন।
- ৩। eTIF কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বোর্ডের ওয়েব সাইট www.bise-ctg.gov.bd এ গিয়ে eTIF Folder এ ক্লিক করে Teacher's Panel এর Registration বাটনে ক্লিক করে চাহিত সকল তথ্য প্রদান করে Save বাটনে ক্লিক করলে তথ্য প্রতিষ্ঠান প্রধানের নিকট চলে যাবে এবং সংশ্লিষ্ট শিক্ষক প্রদত্ত মোবাইল নম্বরে একটি ID এবং Password পাবেন, যা ভবিষ্যত ব্যবহারের জন্য তাকে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, eTIF কার্যক্রম শুরু করার পূর্বে নিজের পাসপোর্ট সাইজের ছবি, সকল পরীক্ষা পাশের Mark sheet অথবা Academic transcript, NID, চাকরিতে যোগদান পত্র Scanning করে রাখতে হবে।
- ৪। প্রতিষ্ঠান প্রধান EIDN ও Password দিয়ে প্রবেশ করে শিক্ষক প্রেরিত তথ্য দেখতে ও Edit (যদি প্রয়োজন হয়) করতে পারবেন। সকল শিক্ষকদের Entry নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করে তিনি ৩০/১০/২০২১ তারিখের মধ্যে Submit বাটনে ক্লিক করবেন এবং প্রিন্ট করে বোর্ডে নির্ধারিত তারিখের মধ্যে জমা দেবেন।
- ৫। JSC, SSC ও HSC স্তরের সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষকদের (অস্থায়ী শিক্ষক/খণ্ডকালীন শিক্ষক/শরীরচর্চা শিক্ষক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) শুধুমাত্র সেই বিষয়ের পরীক্ষক হিসেবে eTIF এ অন্তর্ভুক্ত করতে প্রতিষ্ঠান প্রধান যথাযথ উদ্যোগ নেবেন। শ্রেণীকক্ষে পাঠদান করেন না এমন কোন বিষয়ে কোন শিক্ষক eTIF এ অন্তর্ভুক্ত হলে তার দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক সম্মানী দাবী করতে পারবেন না।
- ৬। উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর প্রতিষ্ঠানে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে যারা ইতোমধ্যে eTIF এ অন্তর্ভুক্ত হয়েছেন এবং যারা eTIF এ যুক্ত হননি সকলের eTIF এ অন্তর্ভুক্তি নিশ্চিত করবেন। কোন শিক্ষক eTIF এ অন্তর্ভুক্তি হতে বাদ থাকলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- ৭। যাদের পুরাতন ID আছে তারা নির্ধারিত ঘরে তা INSERT করবেন। কিন্তু যেহেতু পুরাতন ID তে অনেকের তথ্যে গড়মিল রয়েছে, তাই নতুন ID ও Password সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ক্ষেত্রে NID নম্বর ব্যবহার করা হবে।
- ৮। অতীতের অনেক অপ্রীতিকর ঘটনা, যেমন পরীক্ষক/প্রধান পরীক্ষক/নিরীক্ষকদের সম্মানী মোবাইল ব্যাংক একাউন্ট হতে আত্মসাৎ হওয়ার প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড এর মাধ্যমে সম্মানী প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই মোবাইল ব্যাংকিং একাউন্টের পাশাপাশি সোনালী বা জনতা যে কোন একটি ব্যাংকের ১৩ ডিজিটের একাউন্ট নম্বর আবশ্যিক। ভুল একাউন্ট নম্বর দেওয়ার কারণে সম্মানী প্রাপ্তিতে কোন সমস্যা থাকলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৯। প্রতিষ্ঠানের শিক্ষকদের সকল তথ্যাদি ওয়েবসাইটে সন্নিবেশিত করে Submit বাটনে ক্লিক করার পর চূড়ান্ত হার্ডকপি প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করার পর মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান ৪০৬ নং এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান ৪০১ নং কক্ষে ৩১/১০/২০২১ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধির মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সকল শিক্ষকের তথ্যাদি সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা তা যাচাই পূর্বক প্রতিষ্ঠান প্রধানকে স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।



২৩/১০/২১

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০৩১-২৫৫৩১৪৫, ফ্যাক্স: ০৩১-২৫৫৩১৫১।

Email : ce @ bise-ctg.gov.bd


২৩/১০/২১